
যুগান্তর

তারিখ ... ৫/১/২০০৯
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......



যুগান্তর

মতিঝিল গভ. মডেল গার্লস স্কুলে রোববার ভর্তি পরীক্ষা দিচ্ছে শিশুরা

### কাল 'খ' গ্রুপের পরীক্ষা

# রাজধানীর 'ক' গ্রুপের ৮ সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা সম্পন্ন

যুগান্তর রিপোর্ট

'ক' গ্রুপের ৮টি স্কুলের মধ্য দিয়ে রাজধানীর সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। প্রথম দিন রোববার ২৪টি সরকারি স্কুলের মধ্যে ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। এই স্কুলগুলো হল— গভ. ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভ. গার্লস পরীক্ষা : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## পরীক্ষা : ভর্তি

(১ম পৃষ্ঠার পর)

হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়। প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত এই স্কুলগুলোতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। সকাল ১০টায় এ পরীক্ষা শুরু হয়। কাল অনুষ্ঠিত হবে 'খ' গ্রুপের ৮টি স্কুলের ভর্তিযুদ্ধ। এছাড়া আগামী ১০ জানুয়ারি অনুষ্ঠিত হবে 'গ' গ্রুপের সর্বশেষ পরীক্ষা। ১৪ জানুয়ারি ফল প্রকাশিত হবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) পরিচালক অধ্যাপক এম শরীফ জানান, প্রথম দিনের 'ক' গ্রুপের পরীক্ষা খুবই শান্তিপূর্ণ এবং স্বচ্ছভাবে সম্পন্ন হয়েছে। পরীক্ষা চলাকালীন কেন্দ্রে কোন ধরনের সমস্যা হয়নি। পরীক্ষা শেষে সবগুলো কেন্দ্র থেকে পরীক্ষার্থীদের খাতাপত্র গভ. ল্যাবরেটরি স্কুলের মূল ভেন্যুতে নিয়ে আসা হয়। তিনি বলেন, সকাল ৭টায় মাউশি থেকে প্রতিটি স্কুলের জন্য প্রশ্নপত্র ও খাতা সরবরাহ করা হয়। সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হয়। তিনি আরও বলেন, এ বছর সর্বোচ্চ স্বচ্ছতা, নিরপেক্ষতা এবং বস্তুনিষ্ঠভাবে খাতা মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে। প্রশ্নপত্রও তৈরি করা হয়েছে কঠোর গোপনীয়তার মধ্যে। যে কারণে মেধার সঠিক মূল্যায়নের মাধ্যমেই এবার শিক্ষার্থীদের ভর্তির সুযোগ দেয়া হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

এবার ৮ হাজার ৮৭টি আসনের বিপরীতে ভর্তিযুদ্ধে অবতীর্ণ হচ্ছে ৪৮ হাজার ৫৩২ শিক্ষার্থী। প্রতি আসনের বিপরীতে ৬ জন প্রতিদ্বন্দ্বিতা করছে। সরেজমিন রাজধানীর গভ. ল্যাবরেটরি স্কুলের কেন্দ্রে গিয়ে দেখা গেছে, স্কুলের সামনে হাজার হাজার অভিভাবকের ভিড়। বাচ্চাকে কেন্দ্রে ঢুকিয়ে দিয়ে বাবা-মাসহ অভিভাবকরা অপেক্ষা করেছেন স্কুলের সামনে। মিরপুর থেকে আসা হাবিবুর রহমান বলেন, তার ছেলে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি হওয়ার জন্য পরীক্ষা দিচ্ছে। ছেলেকে হলে ঢুকিয়ে দিয়ে তিনি অপেক্ষা করছেন। ধানমণ্ডির নাযমুল আলম বলেন, একমাত্র ছেলে মাহিয়ানকে ক্লাস ওয়ানে ভর্তি করাতে চান। তাই পরীক্ষা দিতে এসেছেন। কিন্তু মাহিয়ানকে কোনভাবেই পরীক্ষার হলে বসানো যায়নি। কান্নাকাটি করে পুরো কক্ষ তোলপাড় করে তুলেছিল। নাজমুল আলম বলেন, ছেলের পরীক্ষা নয় যেন নিজেই পরীক্ষা দিতে এসেছেন। মোহাম্মদপুর স্কুল কেন্দ্রে গিয়েও দেখা গেছে একই অবস্থা। কেন্দ্রের বাইরে হাজার হাজার অভিভাবকের ভিড়।

'ক' গ্রুপের পরীক্ষায় মোট ১৫ হাজার ১৭ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে। আর এই ৮টি স্কুলে মোট আসন আছে ২ হাজার ৩৮১টি। এর মধ্যে গভ. ল্যাবরেটরি হাইস্কুলে ২৯৪টি, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৫৮টি, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৪০৬টি, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে ১৮০টি, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৬৬টি, নিউ গভ. গার্লস হাইস্কুলে ২৭৭টি, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৪১টি এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৫৮টি আসন রয়েছে বিভিন্ন শ্রেণীতে।

'খ' গ্রুপের স্কুলগুলোতে মোট ১৫ হাজার ৭৪৪টি ফরম বিক্রি হয়েছে। আর এগুলোতে মোট আসন আছে ২ হাজার ৪৩৮টি। এই গ্রুপের স্কুলগুলোর মধ্যে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩শ', নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৯৫, গভ. মুসলিম হাইস্কুলে ১৯৩, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩৩১, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩২০, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুলে ৩৩৫, ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৪৪ ও ধানমণ্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩২০টি আসন শূন্য রয়েছে।

'গ' গ্রুপের স্কুলগুলোতে মোট ১৭ হাজার ৭৯২টি ফরম বিক্রি হয়েছে। আর এগুলোতে মোট আসন আছে ৩ হাজার ২৬৮টি। এই গ্রুপের স্কুলগুলোর মধ্যে ধানমণ্ডি গভ. বয়েজ হাইস্কুলে ১৮০টি, আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৫৫, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৪৬, টিকাটুলি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৯৮, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩৫০, ঢাকা কলেজিয়েট স্কুলে ৪৪০, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৯৯ ও তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে ১ হাজার আসন শূন্য রয়েছে। ১৪ জানুয়ারি ফল প্রকাশিত হওয়ার পরের দিনই শুরু হবে ভর্তি কার্যক্রম।